

যে কোন ধরনের সংকটকালীন সময়ে রিমোট লার্নিং প্ল্যাটফর্মের মাধ্যমে ব্লেন্ডিং পদ্ধতিতে পাঠদান কার্যক্রম স্বাভাবিক রাখা। সিভিল রেজিস্ট্রেশন এন্ড ভাইটাল স্ট্যাটিস্টিকস (সিআরভিএস) এর সাথে সম্পৃক্ততা বজায় রেখে সকল শিক্ষার্থীর ছবিসহ আইডি কার্ড ও ডিটাবেইজ প্রনয়নে সার্বিক সহযোগিতা প্রদান করা। ডিজিটাল শিক্ষার্থী হাজিরা ব্যবস্থা প্রনয়নের জন্য প্রয়োজনীয় উদ্যোগ গ্রহন। ঝরে পড়া ও স্কুল বহির্ভূত শিশুদের বিদ্যালয়ে আনয়ন এবং তাদের প্রাথমিক শিক্ষা নিশ্চিতকরনের জন্য সম্ভাব্য সকল উদ্যোগ গ্রহন করা। সকল শিশুর মানসম্মত শিক্ষা নিশ্চিত করার জন্য সরকারের বিভিন্নমুখী পদক্ষেপ বাস্তবায়নের পাশাপাশি প্রাথমিক বিদ্যালয়ের সাথে স্থানীয় কমিউনিটিকে আরো বেশি সম্পৃক্ত করার উদ্যোগ গ্রহন করা।